


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
সিলেট।
ই-মেইল: cjmcsyl@yahoo.com
ওয়েবসাইট: www.sylhet.judiciary.gov.bd

বিষয় : আদালতে দাখিলের নিমিত্ত Injury Certificate ও রোগীর ছাড়পত্র যথাযথভাবে প্রস্তুত প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মামলার সাক্ষ্য গ্রহণের সময় প্রায়ই দেখা যায়, নথিতে রক্ষিত ভিকটিমের Injury Certificate ও রোগীর ছাড়পত্র প্রদানকারী ডাক্তারের নাম, পদবী, কোড নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও মোবাইল নম্বর থাকে না। সংশ্লিষ্ট হাসপাতাল বা উপজেলা স্বাস্থ্যকেন্দ্র থেকে প্রদত্ত রোগীর ছাড়পত্রে ভর্তির তারিখ ও সময় এবং ছাড়পত্র প্রদানের তারিখ ও সময় লিখা থাকে না। তাছাড়া Injury Certificate ও রোগীর ছাড়পত্র ফরমের কলামগুলো যেমন রোগীর নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, বয়স, সনাক্তকারীর নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, ইত্যাদি সঠিকভাবে পূরণ করা হয় না, অনেক কলাম ফাঁকা থাকে। ফলে বিচারকার্য পরিচালনা ও সিদ্ধান্ত গ্রহণে বিঘ্ন সৃষ্টি হয়। বিভিন্ন সময়ে অনুষ্ঠিত পুলিশ-ম্যাজিস্ট্রেট কনফারেন্সে এসব বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হলেও অবস্থার তেমন পরিবর্তন পরিলক্ষিত হয় নাই।

এমতাবস্থায়, মামলার যথাযথ বিচার ও সিদ্ধান্ত গ্রহণের স্বার্থে Injury Certificate ও রোগীর ছাড়পত্রে উল্লেখিত সকল কলাম কম্পিউটার কম্পোজ করে বা সুস্পষ্টভাবে হাতে লিখে সংশ্লিষ্ট ডাক্তারের নাম, পদবী, কোড নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও মোবাইল নম্বর সংযুক্তক্রমে যথাযথভাবে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।



(আ.ন.ম. ইলিয়াস)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
সিলেট।

স্মারক নং- সিজএম/সিল/প্রশাঃ: ৭৩১(৪)/

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি প্রেরণ (জ্ঞাতার্থে/কার্যার্থে):

১. পরিচালক, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।
২. সিভিল সার্জন, সিলেট। (অধীনস্থ সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স- কে অবগত করানোর জন্য অনুরোধ করা হলো।)
৩. জুডিসিয়াল পেশকার, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, সিলেট। (ওয়েবসাইটে প্রকাশের জন্য।)
৪. অফিস কপি।


(আ.ন.ম. ইলিয়াস)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
সিলেট।